

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
প্রশাসন শাখা -২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislative.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১০৬.০৬.০০৫.১৭.২১৩

তারিখঃ ১১-০৫-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ- মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে সারসংক্ষেপ আকারে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পূর্বে প্রস্তাবিত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিতব্য কমিটিতে প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র:- মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্র নং- ০৪.০০.০০০০.৪২৩.২২.০০৩.১৭.৪৬, তারিখ:- ২৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের মন্ত্রণালয় ও বিভাগসমূহকে ১০ টি গ্রুপে বিভক্ত করে প্রত্যেকটি গ্রুপের অন্তর্ভুক্ত বিভাগ বা মন্ত্রণালয়ের আইনের প্রস্তাব সম্বলিত বিল পরীক্ষার জন্য একজন যুগ্মসচিবকে প্রধান করে নিরীক্ষাকার্য সম্পন্ন করা হয়ে থাকে। সে মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগে গঠিতব্য কমিটিতে যখন যে গ্রুপভুক্ত মন্ত্রণালয় বা বিভাগসমূহের বিল পরীক্ষা করা হবে সে গ্রুপের দায়িত্বপ্রাপ্ত যুগ্মসচিব কমিটিতে উপস্থিত থাকলে পরবর্তীতে বিলটি নিরীক্ষাকালে তিনি সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবেন বিবেচনায় উক্ত কমিটিতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কর্মবন্টন তালিকা অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে প্রতিনিধি হিসাবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো, যথা:-

ক্র:নং	মনোনীত কর্মকর্তার নাম ও পদবি	মন্ত্রণালয়/বিভাগের নাম
১।	বেগম সুলতানা নাসিরা খান যুগ্ম-সচিব (ড্রাফটিং-১)	০১। পররাষ্ট্র মন্ত্রণালয়। ০২। অর্থ বিভাগ। ০৩। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। ০৪। সেতু বিভাগ। ০৫। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২।	বেগম সালমা বিনতে কাদির যুগ্ম-সচিব (ড্রাফটিং-২)	০১। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। ০২। রেলপথ মন্ত্রণালয়। ০৩। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। ০৪। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। ০৫। কৃষি মন্ত্রণালয়। ০৬। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩।	জনাব ছায়েদ আহম্মদ যুগ্ম-সচিব (ড্রাফটিং-৩)	০১। জনপ্রশাসন মন্ত্রণালয়। ০২। প্রতিরক্ষা মন্ত্রণালয়। ০৩। সশস্ত্র বাহিনী বিভাগ। ০৪। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়। ০৫। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ। ০৬। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। ০৭। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪।	জনাব নরেন দাস যুগ্ম-সচিব (ড্রাফটিং-৪)	০১। সমাজকল্যাণ মন্ত্রণালয়। ০২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। ০৩। খাদ্য মন্ত্রণালয়। ০৪। দুর্ভোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। ০৫। ভূমি মন্ত্রণালয়। ০৬। স্বাস্থ্য মন্ত্রণালয়।

